গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য অর্থনীতি ইউনিট
জেন্ডার, এনজিও অ্যান্ড স্টেকহোল্ডার পার্টিসিপেশন ইউনিট
আনসারী ভবন (৫ম তলা), ১৪/২ তোপখানা রোড, ঢাকা ১০০০

নং-৪৫.০৫.০০০০.০১০.৩৬.০০২.১৯.১৯০

তারিখঃ ২২ বৈশাখ, ১৪৩২ / ০৫ মে, ২০২৫

পরিপত্র

বিষয় : জেন্ডার জনিত সহিংসতার সার্ভাইভারদের Medicolegal সেবা প্রদান সংক্রান্ত।

জেন্ডার, এনজিও অ্যান্ড স্টেকহোল্ডার পার্টিসিপেশন ইউনিট, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, স্বাস্থ্য সেবা বিভাগ হতে জেন্ডার জনিত সহিংসতায় করণীয় সম্পর্কে (১) ২১ জুলাই ২০১৯ পরিপত্র নং-৪৫.০৫.০০ ০০.০১০.৩৬.০০২.১৯.২৮৮ এবং (২) ২৪ জানুয়ারি ২০২১ পরিপত্র নং - ৪৫.০৫.০০০০.০১০.৩৬.০০২.১৯.৪৮ জারি করা হয়। এর ধারাবাহিকতায় Sexual Gender Based Violence (SGBV) সার্ভাইভারদের স্বাস্থ্যসেবা প্রদান কার্যক্রম আরও বেগবান করার লক্ষ্যে ৩০ অক্টোবর ২০২৪ অনুষ্ঠিত আন্ত: মন্ত্রণালয় সভার সিদ্ধান্তের আলোকে নিম্নোক্ত নির্দেশনা জারি করা হলো:

ক) স্বাস্থ্য সেবা কেন্দ্রে SGBV বিষয়ক ফোকাল পার্সন হিসেবে নিম্নোক্ত কর্মকর্তা দায়িত্ব পালন করবেন: (১) সরকারি মেডিকেল কলেজ হাসপাতাল: সার্জারি/গাইনি এন্ড অবস্ট্রেটিক্স/পেডিয়েট্রিক সার্জারি বিভাগের আবাসিক সার্জন (২) জেলা সদর হাসপাতাল/উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স: আবাসিক মেডিকেল অফিসার (৩) ওয়ান স্টপ ক্রাইসিস সেন্টার (ওসিসি): কো-অর্ডিনেটর, ওসিসি (৪) মা ও শিশু কল্যাণ কেন্দ্র (এমসিডাব্লিউসি): মেডিকেল অফিসার (ক্লিনিক) (৫) মাতৃসদন ও শিশুস্বাস্থ্য প্রশিক্ষণ প্রতিষ্ঠান (এমসিএইচটিআই), আজিমপুর/মোহাম্মদপুর ফার্টিলিটি সার্ভিসেস এন্ড ট্রেনিং সেন্টার (এমএফএসটিসি)/মাতৃ ও শিশু স্বাস্থ্য প্রশিক্ষণ প্রতিষ্ঠান, লালকুঠি, মিরপুর: জুনিয়র/সিনিয়র কনসালটেন্ট, শিশু/গাইনী এবং (৬) বেসরকারি হাসপাতাল: সংশ্লিষ্ট কর্তৃপক্ষ একজন ফোকাল পয়েন্ট নির্ধারণ করবেন।

খ) SGBV সার্ভাইভার কোন স্বাস্থ্য সেবা কেন্দ্রে সেবা নিতে আসলে ইনজুরি রেজিষ্টারের পরিবর্তে জেনারেল রেজিস্টারে নিবন্ধন সম্পন্ন করতে হবে। সংশ্লিষ্ট ডকুমেন্টে "পুলিশ সিল " দেয়া যাবে না। পুলিশ বিভাগকে অবহিতকরণের জন্য অনুমোদিত নির্ধারিত ফর্ম ব্যবহার করতে হবে। ফোকাল পার্সনগণ এ বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবেন।

গ) স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক প্রণীত ও মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক অনুমোদিত মেডিকেল রিপোর্ট অ্যান্ড এক্সামিনেশন ফর্ম, স্বাস্থ্য সেবা বিভাগের অধীন সকল সরকারি ও সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে স্বীকৃত বেসরকারি স্বাস্থ্যসেবা কেন্দ্রসহ এমসিডাব্লিউসি, ওসিসি, এমসিএইচটিআই, এমএসএসটিসি, মাতৃ ও শিশু স্বাস্থ্য প্রশিক্ষণ প্রতিষ্ঠানে ব্যবহার নিশ্চিত করতে হবে।

ঘ) আইনি প্রক্রিয়ার প্রয়োজন হলে SGBV সার্ভাইভারের রেফারেল স্লিপ বা ছাড়পত্রের পরিবর্তে স্বাস্থ্য কেন্দ্রে ভর্তি/আউটডোর টিকেট সংশ্লিষ্ট রেজিস্ট্রেশন নম্বরসহ মেডিকেল রিপোর্ট অ্যান্ড এক্সামিনেশন ফরম বিবেচনায় নিতে হবে।

ঙ) SGBV সার্ভাইভারের DNA পরীক্ষার রিপোর্টের কপি পুলিশ বিভাগ সংশ্লিষ্ট স্বাস্থ্য সেবা কেন্দ্রের প্রধান বরাবর প্রেরণের ব্যবস্থা গ্রহণ করবে।

চ) বয়স নির্ধারণে রেডিওলজিক্যাল ও অন্যান্য পরীক্ষার জন্য SGBV সার্ভাইভারের ছবি সংশ্লিষ্ট সেবা প্রদানকারী চিকিৎসক সত্যায়ন করবেন।

ছ) SGBV সার্ভাইভার আইনি প্রক্রিয়ায় সংযুক্ত হতে রাজি না হলে মেডিকোলিগ্যাল পরীক্ষার অংশ হিসেবে সংরক্ষিত/সংগৃহীত নমুনা (সমূহ) ৩ (তিন) মাস পর বিনষ্ট করা হবে। নমুনা বিনষ্টকরণের তথ্য অবশ্যই ফরেনসিক নমুনা বিনষ্টকরণ রেজিস্টারে লিপিবদ্ধ করতে হবে। নির্ধারিত নমুনা বিনষ্টকরণ কমিটির মাধ্যমে তা বিনষ্ট করতে হবে।

জ) মহামান্য হাইকোর্ট বিভাগের ২০ আগস্ট ২০২৩ তারিখের ৪৯০ নং বিজ্ঞপ্তির অনুশাসন অনুযায়ী সেবা প্রদানকারী চিকিৎসক সাক্ষীগণ "অডিও-ভিডিও কনফারেন্স" এর মাধ্যমে সাক্ষ্য প্রদান করতে পারবেন।

ঝ) SGBV সারভাইভারের যথোপযুক্ত সেবা প্রাপ্তি নিশ্চিতকরণে বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ের সমন্বয় সভার আলোচ্যসূচিতে নিয়মিতভাবে বিষয়টি অন্তর্ভুক্ত করতে হবে।

২। উপরে বর্ণিত নির্দেশনাসমূহ অবিলম্বে কার্যকর হবে।

০৫.০৫.২৫

(মো: সাইদুর রহমান)
সচিব
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

কার্যার্থে বিতরণ : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. পুলিশ মহাপরিদর্শক, পুলিশ হেডকোয়ার্টার্স, ফুলবাড়িয়া, ঢাকা।
২. রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রিম কোর্ট, ঢাকা।
৩. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৪. মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা।
৫. মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ৩৭/৩, ইস্কাটন গার্ডেন, ঢাকা।
৬. মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৭. মহাপরিচালক, নার্সিং এন্ড মিডওয়াইফারী অধিদপ্তর, আইপিএইচ স্কুল রোড, মহাখালী, ঢাকা।
৮. বিভাগীয় কমিশনার (সকল)----------।
৯. বিভাগীয় পুলিশ কমিশনার (সকল)----------।
১০. রেঞ্জ ডিআইজি (সকল)----------।
১১. বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), সকল---------- বিভাগ।
১২. বিভাগীয় পরিচালক (পরিবার পরিকল্পনা) সকল---------- বিভাগ।
১৩. জেলা ও দায়রা জজ আদালত (সকল)----------।
১৪. জেলা প্রশাসক (সকল)----------।
১৫. পুলিশ সুপারিনটেনডেন্ট (সকল)----------।
১৬. সিভিল সার্জন (সকল)----------।
১৭. পরিচালক, মেডিকেল কলেজ হাসপাতাল (সকল)----------।
১৮. উপপরিচালক (পরিবার পরিকল্পনা) সকল জেলা----------।
১৯. তত্ত্বাবধায়ক, জেলা/সদর হাসপাতাল, সকল----------।
২০. জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (সকল)----------।
২১. জেলা সমাজ সেবা কর্মকর্তা (সকল)----------।
২২. উপনিয়ন্ত্রক, বাংলাদেশ ফর্মস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
২৩. উপজেলা নির্বাহী অফিসার (সকল)----------।
২৪. উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা (সকল)----------।
২৫. ভারপ্রাপ্ত কর্মকর্তা (সকল থানা)----------।
২৬. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (সকল)----------।
২৭. উপজেলা সমাজ সেবা কর্মকর্তা (সকল)----------।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে): (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধান উপদেস্টার কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সিনিয়র সচিব, সুরক্ষা সেবা বিভাগ/জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সিনিয়র সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। সচিব, সমাজ কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। মাননীয় উপদেস্টার একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। মাননীয় উপদেস্টার একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। মাননীয় উপদেস্টার একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৫/৫/২০২৫

মোহাম্মদ শওকত হোসেন খান
পরিচালক (প্রশাসন)
স্বাস্থ্য অর্থনীতি ইউনিট
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়